




পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

পাবিত্রবিতে রূপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্প বিষয়ে সেমিনার অনুষ্ঠিত



পাবিত্রবিতে রূপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্প বিষয়ে সেমিনারে বক্তব্য প্রদান করেন উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তম আলী

(১৫/০৭/২০১৮): ‘পরমানু ও বিজ্ঞান সপ্তাহ-২০১৮’ উদযাপন উপলক্ষে আজ রোববার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়। রূপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্পের ২নং ইউনিটের কংক্রিট ঢালাই উপলক্ষে বঙ্গবন্ধু নভোথিয়েটারের ইনফরমেশন সেন্টার অব নিউক্লিয়ার এনার্জি ১৫-১৯ জুলাই ‘পরমানু ও বিজ্ঞান সপ্তাহ ২০১৮’ উদযাপন করছে। এরই অংশ হিসেবে সেমিনারের আয়োজন করা হচ্ছে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে। সেমিনারের সহ আয়োজক ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগ এবং সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ।

সকালে গ্যালারী-২ সেমিনারে রূপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্প নিয়ে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন রাশিয়ার ইউরাল ফেডারেল ইউনিভার্সিটির (রাশিয়া ফেডারেল) প্রফেসর ড. টাশলিকোভ ওলেগ, বাংলাদেশ আনবিক শক্তি কমিশনের সাবেক চেয়ারম্যান ড. শফিকুল ইসলাম ভূঁইয়া, বাংলাদেশ আনবিক শক্তি কমিশনের সাবেক চেয়ারম্যান ইঞ্জিনিয়ার এম. আলি জুলকার নাইন। প্রকল্পের পরিবেশগত সুরক্ষা নিয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য প্রচারনার অংশ হিসেবে এই সপ্তাহ ঘোষণা করেছেন বলে বক্তারা জানান। বক্তারা পারমানবিক বিদ্যুৎ প্রকল্প সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তারা জানান, সর্বাধুনিক প্রযুক্তি ‘প্রজেক্ট থ্রি প্লাস’ ব্যবহার করায় এই প্রকল্প নিয়ে আতংকের কিছু নাই। এটি বাস্তবায়ন হলে এই এলাকার আর্থ সামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন ঘটবে।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. এম রোস্তম আলী বলেন, রূপপুর পারমানবিক প্রকল্প বর্তমান সরকার এর ২০২১ সালের ভিশনকে সফল করবে। বিদ্যুতের চাহিদা মেটানোর পাশাপাশি দেশ উন্নত



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

বিশ্বের কাতারে উন্নীত হবে। এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অল্প দিনেই রূপপুর প্রকল্পে নিজেদের সংশ্লিষ্ট করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সেমিনারে আরো উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. আনোয়ার খসরু পারভেজ, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন মোঃ খায়রুল আলম, বিভাগীয় চেয়ারম্যানদ্বয়সহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা।#

বার্তা প্রেরক

১৫/০৭/১৮

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

সহকারী পরিচালক

জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পাবনা।

০১৭১১৯৪২২১২